



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা
চট্টগ্রাম।

প্রেস বিজ্ঞপ্তি

জহুর আহমদ চৌধুরী স্টেডিয়াম থেকে ফ্লাইওভার
নির্মাণের সিদ্ধান্ত দিলেন সিটি মেয়র

চট্টগ্রাম-৮ই জানুয়ারি-২০১৯ইংরেজী।

নগরীর সাগরিকা জহুর আহমদ চৌধুরী স্টেডিয়ামের দক্ষিণাংশে জায়গায় থেকে ফ্লাইওভার নির্মাণের সিদ্ধান্ত দিলেন বাংলাদেশ ক্রিকেট বোর্ডের সহ-সভাপতি, সিটি মেয়র আ জ ম নাছির উদ্দিন। তিনি আজ মঙ্গলবার সকালে সাগরিকা জহুর আহমদ চৌধুরী স্টেডিয়াম সংলগ্ন নির্মিতব্য ফ্লাইওভার নির্মাণের স্থান নির্ধারণ উপলক্ষে পরিদর্শনকালে সংশ্লিষ্টদের এ সিদ্ধান্ত দেন। পরিদর্শনকালে চসিক প্যানেল মেয়র কাউন্সিলর ড.নিছার উদ্দিন আহমদ মঞ্জু, সিডিএ প্রধান প্রকৌশল হাসান বিন শামস, চসিক অতিরিক্ত প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম, বিসিবি এর ভেলু ম্যানেজার ফজলে বারী খান রুবেল, কিউরেটর জাহেদ রেজা বাবু, সাইদুল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন। চিটাগাং সিটি আউটার রিং রোডের সাথে সাগরিকা এলাকার সংযোগ দানের জন্য সরকার ফ্লাইওভার নির্মাণের উদ্যোগ গ্রহণ করে। চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ এই ফ্লাইওভার নির্মাণ করবে। এক কিলোমিটার দৈর্ঘ্যের চার লাইন বিশিষ্ট এ ফ্লাইওভারটি নামার স্থান হচ্ছে সাগরিকা স্টেডিয়াম গেইট। এতে ফ্লাইওভারটি স্টেডিয়াম গেইট, ইনডোর ফিল্ড, পানির ট্যাংকার, পাম্প হাউজ, পাবলিক টয়লেট ও ব্যায়াগার সহ বিভিন্ন স্থাপনা উপরে পড়ে। এই স্থাপনা সমূহের কারণে ফ্লাইওভার নির্মাণ কাজ বাধাগ্রস্ত হচ্ছে। এ অবস্থায় স্টেডিয়ামের স্থাপনা সমূহ সরিয়ে ফ্লাইওভারের নির্মাণের জন্য সিটি মেয়রের সাথে সিডিএ, চসিক প্রকৌশলীগণ সরেজমিনে স্থান পরিদর্শন করেন। স্টেডিয়ামের স্থাপনা সমূহ স্টেডিয়াম বাউন্ডারীর মধ্যে সংস্কার ও পূর্ণগনির্মাণের স্থান চিহ্নিত করে দেন মেয়র। তিনি খেলোয়াড়ের যাতায়াতের সুব্যবস্থা অক্ষুণ্ন রেখে ফ্লাইওভার ও সড়ক নির্মাণের উপর গুরুত্বারোপ করেন। এতে ফ্লাইওভারের নির্মাণের আর কোনো সমস্যা রইল না। এই ফ্লাইওভার নির্মিত হলে জহুর আহমদ চৌধুরী স্টেডিয়ামের সাথে যোগাযোগ ব্যবস্থা উন্নত হবে। এছাড়া আন্তর্জাতিক খেলা চলাকালীন সময়ে স্টেডিয়াম এলাকায় সহজে প্রবেশ করতে পারবে।

সাগরিকা স্টেডিয়ামের পরিদর্শনে মেয়র: এরপর মেয়র আ জ ম নাছির উদ্দিন চসিক সাগরিকা স্টেডিয়ামের পরিদর্শন করেন। পরিদর্শনকালে মেয়র নতুন এ্যাসফল্টপ্ল্যান্ট, টিউবলাইট ফ্যাঙ্টরী, ড্রিথিং ওয়াটার, রং ফ্যাঙ্টরী, ল্যাবরেটরী, ওয়ার্কশপের কার্যক্রম সরেজমিনে প্রত্যক্ষ করেন এবং সংশ্লিষ্টদের প্রয়োজনীয় দিক নির্দেশনা দেন। এসময় প্যানেল মেয়র নিছার উদ্দিন আহমদ মঞ্জু, অতিরিক্ত প্রধান প্রকৌশলী মো. রফিকুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী সুদিপ বসাক, সহকারী প্রকৌশলী জয়সেন বড়ুয়া, মেয়রের সহকারি একান্ত সচিব রায়হান ইউসুফ, রাজনীতিক হাজী বেলাল আহমদ সহ সিটি কর্পোরেশনের কর্মকর্তা-কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

নগরীতে নাছিরাবাদ হাউজিং
সোসাইটির আনন্দ র্যালী।

চট্টগ্রাম-৮ই জানুয়ারি-২০১৯ইংরেজী।

দি চিটাগাং কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিঃ জাতীয় সমবায় পুরস্কার প্রাপ্তি উপলক্ষে আজ মঙ্গলবার এক মোটর শোভাযাত্রার আয়োজন করে সোসাইটি। নগরীর এম.এ.আজিজ স্টেডিয়াম চত্বরে মোটর শোভাযাত্রা বেলায় উড়িয়ে উদ্বোধন করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ও সোসাইটির সভাপতি আলহাজ্ব আ.জ.ম. নাছির উদ্দিন। ব্যানার, ফেস্টুন, প্লে-কাদ সজ্জিত মোটর শোভাযাত্রাটি এম.এ.আজিজ স্টেডিয়াম থেকে শুরু হয়ে সি.আর.বি শিরিষতলা, পলোহাউন্ড, টাইগারপাস, ওয়াসা, জিইসি, ২নং গেইট হয়ে সোসাইটির নাসিরাবাদ কার্যালয়ে গিয়ে শেষ হয়। মোটর শোভাযাত্রা উদ্বোধনকালে মেয়র বলেন, দি চিটাগাং কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিঃ ১৯৫১ সালে প্রতিষ্ঠিত হওয়ার দীর্ঘ ৬৭ বৎসরের পথ চলার ইতিহাসে এই প্রথমবারের মত দেশের শ্রেষ্ঠ সমবায়ী প্রতিষ্ঠান হিসেবে জাতীয় সমবায় পুরস্কারে ভূষিত হল। এই পুরস্কার সোসাইটির সকল সদস্য, চট্টগ্রামের সমবায়ী ও চট্টগ্রামবাসীকে উৎসর্গ করলেন মেয়র। এই সম্মাননা ও পদক প্রাপ্তিতে সোসাইটির সম্মানিত সকল সদস্যরা আজ আনন্দিত ও গৌরবান্বিত বলে তিনি উল্লেখ করেন। এই সময় উপস্থিত ছিলেন সোসাইটির ব্যবস্থাপনা কমিটির সহ-সভাপতি আলহাজ্ব মোহাম্মদ ইদ্রিস, সম্পাদক মোহাম্মদ শাহজাহান, ব্যবস্থাপনা কমিটির সদস্য সৈয়দ রফিকুল আনোয়ার, আলাউদ্দীন আলম, জেড.এস.মোঃ বখতেয়ার, মোঃ শাহ আলম (বাবুল), মোঃ নুরুল ইসলাম (মিন্টু), মোঃ রাশেদুল আমিন ও মোহাম্মদ নুরুল ইসলাম (শাহীন)। এছাড়া উক্ত র্যালীতে উপস্থিত ছিলেন সোসাইটির সাবেক ব্যবস্থাপনা কমিটির সদস্য মোহাম্মদ সাজ্জাদ ও সোসাইটির সদস্যরা।

চট্টগ্রাম- ৮ই জানুয়ারি-২০১৯ইংরেজী।

চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত মোবাইল কোর্ট অভিযান

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আফিয়া আখতার এবং স্পেশাল ম্যাজিস্ট্রেট (যুগ্ম জেলা জজ) জাহানারা ফেরদৌস এর নেতৃত্বে আজ মঙ্গলবার চট্টগ্রাম মহানগর এলাকায় মোবাইল কোর্ট পরিচালিত হয়। অভিযানকালে চকবাজার থানাধীন সিরাজদ্দৌলা রোডের প্যারেড মাঠ সংলগ্ন রাস্তার উভয় পার্শ্বের ফুটপাথ ও রাস্তার অংশ অবৈধভাবে দখল করে বিক্রি করার জন্য ইট বালি স্তুপ রেখে জনদূর্ভোগ সৃষ্টির দায়ে ৬ ট্রাক ইট বালি জব্দ করে রাস্তা ও ফুটপাথ উন্মুক্ত করে দেয়া হয়। এই সময় অবৈধভাবে ফুটপাথের উপর দোকানের মালামাল স্তুপ করার দায়ে প্যারেড কর্ণার সংলগ্ন জোনাইদা মেটালকে ৫ হাজার, আজিম মেটালকে ৫ হাজার ও দি চিশতিয়া মেটালকে ৫ হাজার টাকা সহ মোট ১৫ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মহানগর পুলিশ ম্যাজিস্ট্রেটদ্বয়কে সহায়তা করেন।

সংবাদদাতা

রফিকুল ইসলাম

জনসংযোগ কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন